

# চেক জালিয়াতির মামলায় প্রধান শিক্ষক কারাগারে

মেলান্দহ (জামালপুর) প্রতিনিধি

০৩ জুলাই ২০২৪, ১২:০০ এএম



মেলান্দহ উপজেলায় চেক জালিয়াতি মামলার এক মাসের সাজাপ্রাপ্ত আসামি জাহিদুল ইসলাম জাহিদকে গ্রেপ্তার করে কারাগারে পাঠিয়েছে পুলিশ। গতকাল জামালপুর আদালতের মাধ্যমে তাকে কারাগারে পাঠানো হয়। এর আগে সকালে উপজেলার ঘোষেরপাড়া ইউনিয়নের চর সগুনা বাজার থেকে তাকে গ্রেপ্তার করা হয়। জাহিদ উপজেলার সগুনা এসিএস উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক। তিনি চর সগুনা গ্রামের মৃত মোফাজ্জল হোসেনের ছেলে ও ঘোষেরপাড়া ইউনিয়ন আওয়ামী লীগের শিক্ষা ও মানবসম্পদবিষয়ক সম্পাদক। ২০২২ সালের ১২ ডিসেম্বরে এক ব্যক্তি ৮ লাখ টাকার ব্যাংক চেক জালিয়াতির অভিযোগে তার বিরুদ্ধে আদালতে মামলা করেন। মেলান্দহ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. রাজু আহম্মদ বলেন, তাকে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে।